# প্রতিরক্ষা উপদেষ্টার সঙ্গে মালয়েশিয়ার হাইকমিশনারের সাক্ষাৎ



ছবি: সংগৃহীত

প্রধানমন্ত্রীর প্রতিরক্ষা উপদেষ্টা ব্রিগেডিয়ার জেনারেল (অব.) ড. এ কে এম শামছুল ইসলামের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন বাংলাদেশে নিযুক্ত মালয়েশিয়ার হাইকমিশনার মোহাম্মদ শুহাদা ওসমান।

সোমবার (৩১ আগস্ট) ঢাকা সেনানিবাসে সশস্ত্র বাহিনী বিভাগের প্রতিরক্ষা উপদেষ্টার কার্যালয়ে এ সাক্ষাৎ অনুষ্ঠিত হয়। এ সময় বাংলাদেশ ও মালয়েশিয়ার পারস্পরিক সম্পর্ক এবং প্রতিরক্ষা সহযোগিতার বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করেন তারা।

দুই দেশের সশস্ত্র বাহিনীর মধ্যে যৌথ প্রশিক্ষণ বাড়ানো, পেশাগত দক্ষতা উন্নয়ন এবং বিশেষায়িত প্রশিক্ষণ ও কোর্সে পারস্পরিক সহযোগিতার বিষয়ে গুরুত্ব দেওয়া হয়। নিয়মিত সামরিক প্রশিক্ষণ আয়োজন ও অভিজ্ঞতা বিনিময়ের মাধ্যমেও দুই দেশের প্রতিরক্ষা সক্ষমতা বাড়ানোর বিষয়টি আলোচনায় আসে।

এ ছাড়া আধুনিক সামরিক প্রযুক্তি, তথ্য ও অভিজ্ঞতা বিনিময়, সামরিক সরঞ্জাম ও লজিস্টিক সহায়তা নিয়ে সহযোগিতার সম্ভাবনা নিয়ে আলোচনা হয়। প্রতিরক্ষা সরঞ্জাম উৎপাদন খাতেও দুই দেশের মধ্যে যৌথভাবে কাজ করার সুযোগ নিয়ে কথা বলেন তারা।

সাক্ষাৎকালে মালয়েশিয়ার হাইকমিশনার জাতিসংঘ শান্তিরক্ষা কার্যক্রমে বাংলাদেশ সশস্ত্র বাহিনীর ভূমিকার প্রশংসা করেন। তিনি বাংলাদেশি শান্তিরক্ষীদের আত্মত্যাগ, শৃঙ্খলা ও পেশাদারিত্বের কথা উল্লেখ করে বৈশ্বিক শান্তি প্রতিষ্ঠায় তাদের অবদানকে গুরুত্বপূর্ণ বলে অভিহিত করেন।

প্রতিরক্ষা উপদেষ্টা বলেন, বাংলাদেশ ও মালয়েশিয়ার মধ্যে দীর্ঘদিনের বন্ধুত্বপূর্ণ ও ভ্রাতৃত্বপূর্ণ সম্পর্ক রয়েছে। প্রতিরক্ষা ও কৌশলগত সহযোগিতা বাড়ানোর মাধ্যমে আগামী দিনে দুই দেশের এই সম্পর্ক আরও শক্তিশালী হবে বলে তিনি আশা প্রকাশ করেন।